

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৯৪

১/ বিবিধ

আরবী

ما أخاف على أمتي إلا ضعف اليقين  
ضعيف

خرجه ابن نصر في " الصلاة " (1 / 172) والبخاري في " التاريخ " (264 / 1 / 3) وابن أبي الدنيا في " اليقين " (ق 2 / 1) والكلاباذي في " مفتاح المعاني " (1 / 234) وابن عساكر (14 / 375 / 1) من طريق سعيد بن أبي أيوب عن عبد الرحمن بن بزرج سمع أبا هريرة يقول: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد رجاله ثقات غير عبد الرحمن بن بزرج، فأورده ابن أبي حاتم (2 / 2 / 216) من رواية سعيد هذا وابن لهيعة عنه، ولم يذكر فيه جرحا ولا تعديلا، وكذلك صنع البخاري. وأما ابن حبان، فذكره في " الثقات " (5 / 95)

বাংলা

১৯৯৪। আমি আমার উম্মাতের ব্যাপারে দুর্বল ইয়াকীন ছাড়া অন্য কিছুর ব্যাপারে ভয় করি না।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইবনু নাসর “আসসালাত” গ্রন্থে (১/১৭২), বুখারী “আততারীখ” গ্রন্থে (৩/১/২৬৪), ইবনু আবিদ দুনিয়া “আলইয়াকীন” গ্রন্থে (কাফ ১/২), কালাবায়ী “মিফতাহুল মায়ানী” গ্রন্থে (১/২৩৪) ও ইবনু আসাকির (১৪/৩৭৫/১) সাঈদ ইবনু আবু আইউব সূত্রে আব্দুর রহমান ইবনু বুয়ুরজ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ)-কে বলতে শুনেছেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ আব্দুর রহমান ইবনু বুযুরজ ছাড়া এ সনদের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তাকে ইবনু আবী হাতেম (২/২/২১৬) এ সান্দে এবং ইবনু লাহীয়ার বর্ণনায় উল্লেখ করে তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই বলেননি। ইমাম বুখারীও তাই করেছেন।

আর ইবনু হিব্বান তাকে “আসসিকাত” গ্রন্থে (৫/৯৫) উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72877>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন